দৈনিক ইত্তেফাক

তারিখ 10 OCT 1992
পৃষ্ঠা ২ কলাম ২

41

# কুমিল্লা বোর্ডে এইচএসসি'তে পাস করিয়াছে ৬৪·৩৯ %

**ইত্তেফাক রিপোর্ট ॥** গতকাল (শুক্রবার) কুমিল্লা বোর্ডের এইচএসসি '৯২ পরীক্ষার ফল প্রকাশ করা হইয়াছে। গত জুন-জুলাইতে অনুষ্ঠিত এই পরীক্ষায় মোট ৫৩ হাজার ৫শত ৩০ জন ছাত্র-ছাত্রী অংশ নেয়। ইহার মধ্যে মানবিক বিভাগে ৩০ হাজার ৪শত ২৯ জন, বিজ্ঞানে ১২ হাজার ৩শত ১৬ জন, বাণিজ্যে ১০ হাজার ৬ শত ৭২ জন এবং কৃষি বিভাগে ১১৩ জন। পাসের গড় হার শতকরা ৬৪ দশমিক ৩৯। সবচাইতে বেশী পাসের হার বিজ্ঞানে ৭৩ দশমিক ৩১ ভাগ এবং কম কৃষিতে ৫৩ দশমিক ৯৮ ভাগ। মানবিক বিভাগে ৬০ দশমিক ২৭ এবং বাণিজ্যে ৬৫ দশমিক ৯৬ ভাগ ছাত্র-ছাত্রী পাস করিয়াছে। মোট ছাত্র-ছাত্রীদের মধ্যে ছাত্রের সংখ্যা ৩৮ হাজার ৫ শত ৬৯ জন এবং ছাত্রী ১৪ হাজার ৯শত ৬১ জন। উত্তীর্ণ তালিকায় প্রথম বিভাগে ২ হাজার ৬শত ২৩ জন, দ্বিতীয় বিভাগে ১৩ হাজার ৯শত ৯১ জন এবং তৃতীয় বিভাগে ১৭ হাজার ৮ শত ৫৬ জনের রোল নাম্বার মুদ্রিত হইয়াছে। বিজ্ঞান বিভাগে ৪টি লেটারসহ সর্বাধিক ৯২৮ নম্বর পাইয়া চট্টগ্রাম কলেজের ছাত্র আল মাহমুদ হাসান প্রথম স্থান লাভ করিয়াছে। মানবিকে প্রথম হইয়াছে কুমিল্লা ভিক্টোরিয়া কলেজের ছাত্র কাজী মাহবুল আলম। তিনটি লেটারসহ তার প্রাপ্ত নম্বর ৮২৪। বাণিজ্য বিভাগে প্রথম স্থান অধিকারীর নাম সৌরেন দাশ, চট্টগ্রাম সরকারী বাণিজ্য কলেজের এই ছাত্র মোট ৭৩১ নম্বর পাইয়াছে।